



প্রতিবেদন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রামসমূহের অ্যাক্রেডিটেশন প্রাপ্তির লক্ষ্যে Bangladesh National Qualifications Framework (BNQF) এর সাথে সঙ্গতিপূর্ণ করে একাডেমিক কারিকুলাম প্রণয়ন এবং প্রণীত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ২০, ২৩, ২৬ এবং ২৭ জুলাই ২০২৩ তারিখ মোট ৪ দিন “OBE Curriculum and BNQF” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আজ শেষ সম্পন্ন হয়। সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী একাডেমিক ভবনস্থ আইকিউএসি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত দিনব্যাপী এই প্রশিক্ষণে ২০০ জন অ্যাকাডেমিক স্টাফ ৪ পর্বে (৫০+৫০+৫০+৫০) অংশগ্রহণ করেন। এই কর্মসূচীর প্রতি পর্ব উদ্বোধন করেন ক্রমান্বয়ে প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন, ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ, প্রফেসর মো. সাহেদ জামান, ডীন, বিজ্ঞান অনুষদ, প্রফেসর মো. ফজলুল হক, ডীন, কলা অনুষদ এবং মাননীয় উপ-উপাচার্য প্রফেসর মো. সুলতান-উল-ইসলাম।

প্রশিক্ষণে **Outcome Based Education (OBE)** বিষয়ে বিস্তারিত আলোচনা করেন আইকিউএসি-র অতিরিক্ত পরিচালক প্রফেসর মো. মশিহুর রহমান। **BAC Standards & BNQF ও OBE Curriculum Template** বিষয়ে বিস্তারিত আলোচনা করেন আইকিউএসি-র অতিরিক্ত পরিচালক প্রফেসর মো. আবদুর রশিদ সরকার। প্রশিক্ষণটির সভাপতিত্ব করবেন আইকিউএসি-র পরিচালক প্রফেসর দুলাল চন্দ্র রায়।

সংযুক্ত: ছবি (৫ কপি)